# এসএসসি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান ---- ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ নিচে একটি কাল্পনিক বাজেট দেয়া হল (অর্থবছর ২০০৭-২০০৮)

| আয় (হাজার কোটি টাকা) | | ব্যয় (হাজার কোটি টাকা) | |
|---|---|---|---|
| রাজস্ব প্রাপ্তি | ৫০ | প্রতিরক্ষা | ৫০ |
| কর রাজস্ব | ৪০ | বে. প্রশাসন | ৪০ |
| কর ব্যতীত প্রাপ্তি | ২০ | শিক্ষা | ২০ |
| বৈদেশিক অনুদান | ৩০ | অ-প্রত্যাশিত ব্যয় | ৩০ |

ক. বাজেট কী? ১

খ. চলতি বাজেট ও মূলধন বাজেটের মধ্যে পার্থক্য কী? ২

গ. ছকে বর্ণিত বাজেটটি কোন ধরনের বাজেট? বিশ্লেষণ করো। ৩

ঘ. ছকে উল্লিখিত বাজেটটি কোন খাতে অধিক পরিমাণ ব্যয় বরাদ্দ করা উচিত বলে তুমি মনে করো? ৪

২.▶ তমিজ মিয়া একজন কৃষক। নিজের ৯০ শতাংশ জমির সাথে অন্যের জমি বর্গা নিয়ে আমনের ধান চাষ করেন। চলতি বন্যায় ফসল নষ্ট হওয়ায় তিনি অসহায় হয়ে পড়েন। লোক মুখে তিনি শুনতে পান শুধু কৃষি খাতের গতিশীলতা বৃদ্ধির জন্য সরকার একটি ব্যাংক প্রতিষ্ঠা করেছে। তিনি এ ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে পুনরায় ধান চাষ করে ভাগ্যের পরিবর্তন ঘটান।

ক. ব্যাংক কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংকের নিকাশঘর বলতে কী বুঝায়? ২

গ. তমিজ মিয়া যে ব্যাংক থেকে ঋণ গ্রহণ করেন- তার স্বরূপ ব্যাখ্যা করো। ৩

ঘ. এ ধরনের ব্যাংক কি আর্থ-সামাজিক অবস্থার ব্যাপক পরিবর্তন ঘটায়? মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৩.▶ মি. এমরান একজন সফল উদ্যোক্তা। সিলেটে তার একটি চা কারখানা রয়েছে। তিনি তার উৎপাদিত পণ্যের ওপর প্রতি বছর বিপুল পরিমাণ কর প্রদান করেন। তার প্রতিবেশী আরও কয়েকজন শিল্পপতি আমদানি ও রপ্তানি বাণিজ্যে নিয়োজিত এবং বিপুল সম্পদের মালিক। কিন্তু তার কর ফাঁকি দেন।

ক. কর বহির্ভূত রাজস্ব কাকে বলে? ১

খ. উন্নয়নশীল দেশগুলো ঘাটতি বাজেট প্রণয়নে গুরুত্ব দেয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. মি. এমরান কোন ধরনের কর প্রদান করেন। ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. এমরান সাহেবের ন্যায় প্রতিবেশী ও অন্যান্যরাও সঠিকভাবে কর প্রদান করলে দেশ আত্মনির্ভরশীল হবে- বিশ্লেষণ করো। ৪

৪.▶ সীমি এবং রীমি ৯ম শ্রেণীর শিক্ষার্থী। সীমির বাবাা বিদেশি গাড়ি আমদানিকারক। সীমির বাবা এই বছর সর্বোচ্চ করদাতার পুরস্কার পেয়েছেন। রীমির বাবা একটি ব্যাংকের মহাব্যবস্থাপক পদে কর্মরত। রীমির বাবাও প্রতি বছর সরকারকে কর প্রদান করেন।

ক. বাংলাদেশে কোন অর্থবছর থেকে মূল্য সংযোজন কর চালু হয়েছে? ১

খ. VAT কী? ব্যাখ্যা করো। ২

গ. রীমির বাবা সরকারকে কোন ধরনের ট্যাক্স দেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. সীমির বাবা সরকারকে যে ট্যাক্স দেন তা সরকারের আয়ের প্রধান উৎস- ব্যাখ্যা করো। ৪

৫.▶ আকাশের দাদু একজন বীর মুক্তিযোদ্ধা। তিনি একদিন আলোচনা করে বললেন, স্বাধীনতার ৪০ বছর পরও এদেশের মানুষের আয় কম। মূলধনের অভাবে অনেক কৃষক জমিতে প্রয়োজন মতো সার, কীটনাশক ও সেচ দিতে পারে না। হরতাল, ধর্মঘট ইত্যাদি কারণে অনেকে শিল্প কারখানায় বিনিয়োগ করতে চায় না। দেশে বহু ছেলেমেয়ে বেকার।

ক. BRAC এর পূর্ণরূপ লিখ। ১


খ. আশ্রয়ন প্রকল্প বলতে কি বুঝায়? ২

গ. আকাশের দাদুর বক্তব্যে বাংলাদেশের অনুন্নয়নের কোন বিশেষ কারণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. আকাশের দাদুর স্বপ্ন বাস্তবায়নে উপায় বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৬. ▶





ক. ২০১০ সালের জরিপ অনুযায়ী বাংলাদেশের কতভাগলোক দারিদ্র সীমকার নিচে বাস করে? ১

খ. অনুন্নত কৃষিব্যবস্থা বলতে কী বোঝায়? ২

গ. ৩নং বক্সের দেশগুলো কোন ধরনের? তাদের বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. ১নং ও ২নং বক্সের দেশগুলোর বৈশিষ্ট্যের পার্থক্য নিরূপণ করো। ৪

৭. ▶





ক. GDP এর পূর্ণ অভিব্যক্তি কী? ১

খ. সেবাখাত বলতে কী বোঝায়? ২

গ. ১ম বক্সের দ্রব্যটি কোন খাতের? ব্যাখ্যা করো। ৩

ঘ. ২য় বক্সের উপখাতগুলো সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৮. ▶




ক. ? চিহ্নিত স্থানে কী বসবে? ১

খ. উৎপাদনের বিভিন্ন রূপগুলো কী কী? ২

গ. বাংলাদেশের প্রেক্ষিতে উৎপাদনের উপকরণের ক্ষেত্রে কোনটির গুরুত্ব বেশি? ব্যাখ্যা করো। ৩

ঘ. ছকে প্রদর্শিত চারটি উপাদানের যেকোনো একটির অনুপস্থিতিতে উৎপাদন সংগঠিত হতে পারে না-বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৯.▶ জলির একজন সাধারণ কৃষক। উত্তরাধিকার সূত্রে সে দুই বিঘা জমির মালিক। তার জমি বেশ উর্বর। এ বছর সে উন্নত পদ্ধতি ব্যবহার করে প্রচুর ধান পেয়েছে।

ক. শ্রম ঘণ্টা কী? ১

খ. প্রান্তিক উৎপাদন বলতে কী বুঝায়? ২

গ. জলিলের জমির খণ্ডকে কেন ভূমি বলা হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. ভূমি উৎপাদনের একটি নিষ্ক্রিয় উপকরণ হলেও এর গুরুত্ব অপরিসীম। উক্তিটি মূল্যায়ন করো। ৪

১০.▶ নিচের একটি পণ্যের যোগান সূচি দেখানো হলো:

| দাম প্রতি একক | যোগানের পরিমাণ |
|---|---|
| ১০ টাকা | ১০০ একক |
| ২০ টাকা | ২০০ একক |
| ৩০ টাকা | ৩০০ একক |
| ৪০ টাকা | ৪০০ একক |


ক. যোগান কাকে বলে? ১

খ. যোগান সূচি ও যোগান রেখার মধ্যে তফাৎ কী? ২

গ. উপরের যোগান সূচি থেকে একটি যোগান রেখা অঙ্কন করে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উপরিউক্ত যোগান বিধিটি বাংলাদেশের আলুর যোগানের ক্ষেত্রে কতটা কার্যকর-বিশ্লেষণ করো। ৪

১১.▶




ক. সুষম বাজেট কী? ১

খ. ভর্তুকি কী? ব্যাখ্যা করো। ২

গ. প্রশ্নবোধক স্থানগুলোতে কী বসবে? ৩

ঘ. প্রশ্নবোধক স্থানগুলোর শব্দগুলো বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

সময় —৩০ মিনিট পূর্ণমান —৩০

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

*[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. অর্থশাস্ত্র প্রবন্ধটি কে রচনা করেন?**
ক) এরিস্টটল খ) প্লেটো
গ) কৌটিল্য ঘ) অমর্ত্য সেন

**২. মুদ্রাস্ফীতি হলে কী ঘটে?**
ক) অর্থের মূল্য কমে
খ) অর্থের মূল্য বাড়ে
গ) জীবনযাত্রার মান বাড়ে
ঘ) দ্রব্যমূল্য কমে

**৩. ভ্যাট কোন ধরনের কর?**
ক) প্রত্যক্ষ খ) আয়কর
গ) অন্যান্য কর ঘ) পরোক্ষ কর

**৪. ভ্যাট বাংলাদেশে কত সালে চালু করা হয়?**
ক) ১৯৮৮ খ) ১৯৯০
গ) ১৯৯২ ঘ) ১৯৯৪

**৫. ভূমি ব্যবহারের জন্য সরকারকে কী প্রদান করতে হয়?**
ক) ভাড়া ও ইজারা খ) উৎপাদন কর
গ) খাজনা ঘ) টোল ও লেভি

**নিচের উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**

রাকিব বাংলাদেশে বসবাস করে। এদেশের মহান জাতীয় সংসদে সম্প্রতি বাজেট উপস্থাপন করা হয়েছে। এই বাজেটে আয়ের চেয়ে ব্যয় বেশি দেখানো হয়েছে।

**৬. রাকিবের দেশে কোন ধরনের বাজেট উপস্থাপন করা হয়েছে?**
ক) চলতি বাজেট খ) ঘাটতি বাজেট
গ) উদ্বৃত্ত বাজেট ঘ) মূলধনী বাজেট

**৭. উল্লিখিত দেশের আয়ের উৎস—**
i. কর থেকে আয়
ii. অভ্যন্তরীণ উৎস থেকে আয়
iii. বৈদেশিক সাহায্য

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৮. কোনটি অনুন্নত দেশ?**
ক) আমেরিকা খ) জাপান
গ) বাংলাদেশ ঘ) ইতালি

**৯. কোনটি উন্নত দেশের বৈশিষ্ট্য?**
ক) কৃষি অর্থনীতি খ) অদক্ষ জনশক্তি
গ) শিল্প অর্থনীতি ঘ) মূলধন গঠন কম

**১০. কোন ধরনের পণ্যের উত্থানপতন বেশি হয়?**
ক) শিল্প পণ্য খ) ভোগ্য পণ্য
গ) কৃষি পণ্য ঘ) আসবাবপত্র

**১১. সর্ববৃহৎ ক্ষুদ্র ঋণ দানকারী সংস্থা কোনটি?**
ক) ব্র্যাক খ) আশা
গ) টিএমএসএস ঘ) প্রশিকা

**১২. প্রশিকা কাজ শুরু করে**
i. ঢাকায়
ii. কুমিল্লায়
iii. বরিশাল

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৩. ব্যুরো বাংলাদেশ দেশের কতটি জেলায় কাজ করে?**
ক) ২৫ খ) ৪২
গ) ৫৩ ঘ) ৬৪

**১৪. বাংলাদেশের কোন পদ্ধতিতে দারিদ্র্য পরিমাপ করা হয়?**
ক) আয় পদ্ধতি খ) ব্যয় পদ্ধতি
গ) শুমারি পদ্ধতি ঘ) উৎপাদন পদ্ধতি

**১৫. অভাব পূরণের উপকরণ বা সম্পদ কীরূপ?**
ক) অসীম খ) পর্যাপ্ত
গ) অধিক ঘ) সীমিত

**১৬. অর্থনীতির মৌলিক নীতিমালা কয়টি?**
ক) ২টি খ) ৫টি
গ) ৯টি ঘ) ১০টি

Teachingbd24.com

**নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**

'ক' দেশের অধিকাংশ বৃহৎ শিল্প প্রতিষ্ঠান সরকারি মালিকানায় পরিচালিত হয়। তবে পাশাপাশি বেসরকারি উদ্যোগও গ্রহণযোগ্য।

**১৭. 'ক' দেশটিতে কোন ধরনের অর্থনৈতিক ব্যবস্থা কার্যকর?**

ⓚ সমাজতান্ত্রিক ⓚ ধনতান্ত্রিক

Ⓖ মিশ্র Ⓖ ইসলামি

**১৮. 'ক' দেশটিতে সরকার নিয়ন্ত্রণ করে?**

i. মহাসড়ক

ii. ব্যবসায় প্রতিষ্ঠান

iii. জনগুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii

Ⓖ ii ও iii Ⓖ i, ii ও iii

**১৯. কোনটি বৈষম্যহীন অর্থব্যবস্থা?**

ⓚ ইসলামি ⓚ মিশ্র

Ⓖ ধনতান্ত্রিক Ⓖ সমাজতান্ত্রিক

**২০. ইসলামী অর্থব্যবস্থায় উৎপাদন প্রক্রিয়া সমাজের জন্য কেমন?**

ⓚ কাম্য ⓚ ক্ষতিকর

Ⓖ কল্যাণকর Ⓖ বৈষম্যযুক্ত

**২১. ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধির অনুমিত শর্ত কয়টি?**

ⓚ ২টি ⓚ ৩টি

Ⓖ ৫টি Ⓖ ৬টি

**২২. সুন্দরবনের আয়তন কত?**

ⓚ প্রায় ৫০১৭ বর্গ কি.মি.

ⓚ প্রায় ৬০১৭ বর্গ কি.মি.

Ⓖ প্রায় ৭০১৭ বর্গ কি.মি.

Ⓖ প্রয় ৮০১৫৬ বর্গ কি.মি.

**২৩. 'মানবিক সম্পদ' সম্পদ নয় কেন?**

ⓚ উপযোগ নেই ⓚ অপ্রাচুর্যতা নেই

Ⓖ বাহ্যিকতা নেই Ⓖ মূল্য নেই

**২৪. সময়ের প্রেক্ষিতে বাজার কত প্রকার?**

ⓚ ৩ প্রকার ⓚ ৪ প্রকার

Ⓖ ৫ প্রকার Ⓖ ৬ প্রকার

**২৫. একচেটিয়া কারবারির উৎপাদনের লক্ষ্য কী?**

ⓚ বাজার নিয়ন্ত্রণ

ⓚ পণ্য উৎপাদন

Ⓖ প্রতিযোগিতা করা

Ⓖ সর্বাধিক মুনাফা অর্জন

**২৬. কোনগুলো রূপান্তর অযোগ্য মুদ্রা?**

ⓚ ৫০ টাকা

ⓚ ১০ ও ২০ টাকা

Ⓖ ১ ও ২ টাকার নোট

Ⓖ ১০০ টাকা

**নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**

জরিনা বেগম এমন একটি ব্যাংক থেকে ঋণ নিয়েছেন যে ব্যাংকটি একটি বাড়ি একটি খামার প্রকল্পের অংশীদার এবং ১৪% সরকারি মালিকানায় প্রতিষ্ঠিত।

**২৭. জরিনা বেগম কোন ব্যাংক থেকে ঋণ নিয়েছেন?**

ⓚ সমবায় ব্যাংক ⓚ গ্রামীণ ব্যাংক

Ⓖ সোনালী ব্যাংক Ⓖ কৃষি ব্যাংক

**২৮. উক্ত ব্যাংকটি**

i. ক্ষুদ্র ঋণ কার্যক্রম গ্রহণ করে

ii. কৃষি ঋণ প্রদান করে

iii. দারিদ্র্য বিমোচনে ভূমিকা রাখে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii

Ⓖ ii ও iii Ⓖ i, ii ও iii

**২৯. যার অধীনে অসংখ্য ফার্ম থাকে তাকে কী বলে?**

ⓚ বড় ফার্ম ⓚ কুটির শিল্প

Ⓖ শিল্প Ⓖ বৃহৎ শিল্প

**৩০. বাংলাদেশে কোন ধরনের বাজার খুঁজে পাওয়া যায় না?**

ⓚ একচেটিয়া বাজার

ⓚ পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার

Ⓖ মুদ্রা বাজার

Ⓖ পুঁজি বাজার

Teachingbd24.com

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | ঘ | ৪ | গ | ৫ | গ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | গ | ১০ | গ | ১১ | ক | ১২ | ক | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | গ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | খ |

https://teachingbd24.com